47

**দৈনিক জনকণ্ঠ**

তারিখ ... JAN 14 1999 ...
পৃষ্ঠা ... ১৮ ... কলাম ... ৪ ...

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


মন্ত্রিপরিষদ বিভাগ
জনপ্রশাসন সংস্কার কমিশন
জীবন বীমা ভবন (ফ্রন্ট ব্লক, ৫ম তলা)
১০ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০


# জনপ্রশাসন সংস্কার সম্পর্কিত প্রশ্নমালা

(বিঃদ্রঃ এ প্রশ্নমালা সকল সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/বেসরকারী সংগঠন/ব্যক্তিবর্গের জন্য প্রযোজ্য। এ প্রশ্নমালাটি পূরণ করে পত্রিকায় প্রকাশের এক মাসের মধ্যে উপরোক্ত ঠিকানায় সদস্য-সচিব, জনপ্রশাসন সংস্কার কমিশনের নিকট প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। সকল প্রশ্নের উত্তর প্রদান ইচ্ছাধীন। যে সকল প্রশ্ন আপনার/আপনার প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য বা যে সকল প্রশ্নের উত্তর দিতে আপনি আগ্রহী, ইচ্ছা করলে শুধুমাত্র সে সকল প্রশ্নের উত্তর প্রদান করা যেতে পারে। প্রয়োজনে অতিরিক্ত কাগজ সংযোজন করা যেতে পারে।)

০১. মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর ও অন্যান্য সকল প্রকার সরকারী অফিস এবং আধাসরকারী, স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত সংস্থা এবং অনুরূপ অন্যান্য সকল সরকারী/আধাসরকারী প্রতিষ্ঠানের (ক) স্বচ্ছতা, (খ) জবাবদিহিতা, (গ) গতিশীলতা, (ঘ) দক্ষতা ও (ঙ) কার্যকারিতা উন্নয়নে কি কি পন্থা অবলম্বন করা প্রয়োজন? সুনির্দিষ্টভাবে উল্লেখ করুন।

০২. বেসরকারী খাত উন্নয়ন, দেশী ও বিদেশী বিনিয়োগ আকর্ষণ এবং শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহকে সার্বিক সহায়তা প্রদানের জন্য সংশ্লিষ্ট সরকারী অফিসসমূহের ভূমিকা কি হওয়া উচিৎ? এ ব্যাপারে প্রশাসনে কি কি প্রাতিষ্ঠানিক ও পদ্ধতিগত পরিবর্তন আনা প্রয়োজন বলে আপনি মনে করেন? বিস্তারিত লিখুন।

০৩. সরকারী খাতে অপচয়ের ক্ষেত্রসমূহ কি কি বলে আপনি মনে করেন? এসব অপচয়ের কারণসমূহ উল্লেখ করুন। অপচয় রোধে কি কি ব্যবস্থা নেয়া যায় বলে আপনি মনে করেন? এ প্রসঙ্গে বর্তমানে প্রচলিত সরকারী হিসাবরক্ষণ ও নিরীক্ষা ব্যবস্থায় কি কি দুর্বলতা রয়েছে বলে আপনি মনে করেন?

০৪. কোন কোন সরকারী কর্মকাণ্ডের বিকেন্দ্রীকরণ ও ডিভলিউশন করা যায় এবং বিকেন্দ্রীকরণের রূপ কি হওয়া বাঞ্ছনীয়?

০৫. প্রশাসনে জনগণের অংশগ্রহণ কিভাবে নিশ্চিত করা যায়? সুনির্দিষ্টভাবে উল্লেখ করুন।

০৬. দুর্নীতির ব্যাপকতা সম্পর্কে মন্তব্য করুন। দুর্নীতি রোধে কি কি, (ক) প্রাতিষ্ঠানিক, (খ) আইনগত ও (গ) পদ্ধতিগত ব্যবস্থা নেয়া যায়? সুপারিশ রাখুন।

০৭. আপনি কি মনে করেন বর্তমানে সরকারের জনবল ও প্রতিষ্ঠানের সংখ্যা বেশি? যদি তাই হয়, তবে তা সুষম করার কি কি পদ্ধতি সুপারিশ করেন?

০৮. জনপ্রশাসনের কর্মকাণ্ড তদারকী ও পরিবীক্ষণের জন্য কি কি ব্যবস্থা নেয়া যেতে পারে বলে আপনি মনে করেন? বিস্তারিত লিখুন।

০৯. প্রশাসনের সদস্যদের কিভাবে অধিকতর গণমুখী করা যায় বলে আপনি মনে করেন? সরকারী খাতে প্রদত্ত সেবাসমূহের মান কেমন করে উন্নততর করা যায় বলে আপনি মনে করেন?

১০. মাঠ পর্যায়ে, সচিবালয়ে ও অনুরূপ অন্যান্য সকল প্রকার সরকারী/আধাসরকারী অফিস, স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত সংস্থাসমূহে বর্তমান প্রশাসনের/সিদ্ধান্ত গ্রহণের স্তরসমূহ কি অতিরিক্ত বলে আপনি মনে করেন? যদি তাই হয়, তবে কতটি ও কি কি প্রশাসনিক/সিদ্ধান্ত গ্রহণের স্তর আপনি সুপারিশ করেন? যৌক্তিকতা সহকারে উল্লেখ করুন।

১১. বিভিন্ন সার্ভিস ক্যাডারের মধ্যে বৈষম্য রয়েছে বলে কি আপনি মনে করেন? যদি থাকে, তবে কিভাবে তা দূর করা সম্ভব বলে আপনি প্রস্তাব করেন?

১২. সরকারী চাকরিতে উচ্চমানের মেধা আকর্ষণ করার জন্য কি কি কাঠামোগত/পদ্ধতিগত পরিবর্তন আনা প্রয়োজন?

১৩. মহিলাদের সরকারী চাকরিতে যথেষ্ট সংখ্যায় অংশগ্রহণের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন বলে আপনি মনে করেন?

১৪. জনপ্রশাসনে জবাবদিহিতা, স্বচ্ছতা, দক্ষতা ও গতিশীলতা আনয়নে কিভাবে সংসদীয় তত্ত্বাবধান জোরদার করা যায়?

১৫. উপরোক্ত বিষয়সমূহ ব্যতিরেকে প্রশাসনিক সংস্কার সম্পর্কে অন্য কোন বিষয়ে কি আপনার মন্তব্য রয়েছে? যদি থাকে, তবে তা প্রদান করুন।

১৬. বর্তমান প্রযুক্তিগত অগ্রগতি, তথ্য বিপ্লব, বেসরকারী খাত উন্নয়ন ও মুক্তবাজার অর্থনীতির আবহে একবিংশ শতাব্দীতে আপনি কি ধরনের প্রশাসন আশা করেন? সুনির্দিষ্টভাবে উল্লেখ করুন।

১৭. আপনি কি উপরোক্ত বিষয়সমূহ সম্পর্কে ব্যক্তিগতভাবে, বা যদি কোন প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত থাকেন, তবে তার পক্ষ থেকে কমিশনের সম্মুখে উপস্থিত হয়ে বক্তব্য প্রদানে আগ্রহী?

প্রতিষ্ঠান প্রধান/ব্যক্তির স্বাক্ষর ঃ

নাম ঃ
পদবী ঃ
ঠিকানা ঃ
তারিখ ঃ


ডিএফপি-৫১০-১১/১/৯৯
স-১০৩/৯৯ (১৪×২)
Ten7Q (12-1)ID-6